



# ব্যঙ্গচিত্রী সুফি

ব্বিদেব গঙ্গোপাধ্যায়

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

“জীবনকে যেমনভাবে পাব বলে ভেবেছিলাম তেমনিভাবেই আঁকা শু করেছিলাম ছেলেবেলায়। তারপর তা হারিয়ে যেতে যেতে জীবন যেমনভাবে চলছে তাকেই আঁকা শু করলাম।”

---- কার্টুনিস্ট সুফি তার কার্টুন আঁকা শুর কথা শুনিয়েছেন এইভাবে। অর্থাৎ রঙ্গীন স্বপ্নের ছবি আঁকা ছেড়ে বাস্তবের ব্যঙ্গরূপ দেবার কথা।

১৯৪০ সালে জন্ম ওপার বাংলায়। দেশভাগের পর এপার বাংলায় চলে আসেন। অভাব দরিদ্রের মধ্যে হাওড়ার শিবপুরে কেটেছে শৈশব। ১৯৫৬ সালে স্কুল ফাইন্যাল পাস করলেন, কিন্তু নানা প্রতিকূলতার মধ্যে কলেজ জীবন পার হবার আগেই ছাত্র জীবনে ছেদ পড়ল। পঞ্চাশ দশকের শেষ প্রান্তে ‘শারদীয়া গড়ের মাঠ’ পত্রিকায় ওঁর আঁকা কার্টুন বেরোল ‘সুফি’ নামের আড়ালে। সেই আড়ালেই আজীবন থেকে গেছেন নরেন্দ্র রায়। শুধু “সুফিই নয় কার্টুন মক্শো করেছেন ‘সঞ্জয়’, ‘বিনি’, ‘বিরিঞ্চি’ ছদ্মনামেও।

‘প্রহরী’, ‘সচিত্র তোমার জীবন’, ‘মঞ্চকথা’, ‘সংগীতিকা’, ‘সচিত্র ভারত’, ‘জলসা’ ‘সরস কার্টুন’ ছাড়াও ‘দৈনিক যুগান্তর’ এবং ‘বসুমতী’ - তে তাঁর কার্টুনচর্চার নিদর্শন ছড়িয়ে আছে। যুগান্তরের ‘অব্যর্থ’, বিভাগেও তাঁর পকেট কার্টুন নিয়মিত স্থান পেয়েছে। ৬০-এর দশকে উত্তর কলকাতা থেকে মহিলাদের জন্য প্রকাশিত ‘মহিলা’ এবং ‘মেয়েদের কাগজ’ নামে দুটি পত্রিকাতে “প্রমীলা রায়ের” কার্টুন বেরোত।

তাকে অনেকেই আধুনিক তন্ত্রী রূপে কল্পনা করতেন, আসলে ‘প্রমীলা রায়ের’ অবগুণ্ঠনের আড়ালেও ছিলেন সেই সুফি। ‘স্বাধীনতা’ পত্রিকাতে ‘সুফি’র রাজনৈতিক ব্যঙ্গচিত্র আঁকা আরম্ভ। আর এই কারণেই তাঁকে সরকারী চাকরীটি খোয়াতে হয়েছিল বললে ভুল হবে না। তবে সমাজ আর রাজীনিতি সচেতনতার পাঠ নিয়েছিলেন এই পত্রিকাতেই। সে সময় সুফিকে কার্টুন আঁকা সম্পর্কে পরামর্শ, উপদেশ ও সাহস যুগিয়ে গেছেন শ্রদ্ধেয় অণ রায়। কার্টুন আঁকায় ওঁর উৎকর্ষত াও বেড়েছে। দিল্লীর বিখ্যাত কার্টুনিস্ট শংকর পিল্লাই-এর ‘ত্র্যঙ্কজ’ ব্দ ন্দ ন্দ প গু স্ত তেও প্রকাশিত কার্টুন।

নিজের আঁকার পশ্চৎপটে সুফি বলেছেন ‘লোকে বলে কার্টুনিস্ট সব কিছু বাঁকা চোখে দেখে --- তা নয় কার্টুনিস্ট সব কিছু স্বচ্ছ চোখে দেখে।’

একটা সময় মানসিক হতাশায় আচ্ছন্ন হয়ে ছবি আঁকা ছেড়ে দিতে মনস্থ করেছিলেন, সুস্থ হয়ে আবার হাতে তুলে নেন তুলি। ‘দেব সাহিত্য কুটিরের’ নবকল্লোল’ এবং ‘শুকতারা’ পত্রিকায় নিয়মিত অলংকরণও করেছেন। ছোটদের আঁকা শেখানোর প্রতিষ্ঠান করেছিলেন। ছোটদের নিয়ে তার ভাবনা , ভালোবাসা, তাদের দুঃখমী নিয়ে কৌতুক এসব কিছু কার্টুনের মধ্য দিয়ে প্রকাশ করতে তাঁর আন্তরিক প্রয়াস ছিল। এই প্রয়াসের ফসল ছড়িয়ে আছে শুকতারা, সন্দেশ, কিশোরভারতী, রংবেরং, গণশক্তি পত্রিকার ছোটদের বিভাগে। বিশেষতঃ খেলাধুলার উপরে চমৎকার সব মজার কার্টুন করেছেন।

কার্টুনের শ্রীবৃদ্ধির জন্য বের করেছিলেন প্রথমে ‘রঙ্গব্যঙ্গ’ ও পরে ‘ব্যঙ্গজগৎ’ নামে চারপাতার ট্যাবলয়েড। থাকতো হা সির খেলা, ফিচার আর কার্টুন। পুরনোদিনের কার্টুনিস্টদের পরিচিতি ও কাজের নমুনা।

স্বল্পব্যয়ে কার্টুন আঁকা শেখানোর জন্য একটা ছোটখাটো প্রতিষ্ঠানও গড়েছিলেন, কেমন চলেছিল জানি না। তবে ‘সুফি’

নিজেই চলে গেলেন গত ২৬শে জুলাই ২০০৩।

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

**সৃষ্টিমন্ডান**

Phone: 98302 43310  
email: [editor@srishtisandhan.com](mailto:editor@srishtisandhan.com)